

(৩) 'ট্রেসেবিলিটি' অর্থ কোনো পরিমাপ ফলাফলের মান অবিচ্ছিন্ন তুলনা শিকলের (unbroken chain) মাধ্যমে আন্তর্জাতিক মান এককের (International System of Units-SI Unit) সহিত সম্পর্কিতকরণ;

(৪) 'তহবিল' অর্থ এই আইনের ধারা ১৭ এর অধীন গঠিত তহবিল;

(৫) 'প্রবিধান' অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(৬) 'পর্ষদ' অর্থ এই আইনের ধারা ৮ এর অধীন গঠিত পরিচালনা পর্ষদ;

(৭) 'বিজ্ঞানী' অর্থ ইনস্টিটিউটে সায়েন্টিফিক অফিসার ও তদূর্ধ্ব পদে নিয়োগপ্রাপ্ত কর্মচারী;

(৮) 'বিধি' অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(৯) 'মহাপরিচালক' অর্থ ইনস্টিটিউটের মহাপরিচালক; এবং

(১০) 'সভাপতি' অর্থ পর্ষদের সভাপতি।

আইনের প্রাধান্য

৩। আপাতত বলবৎ এতদসংক্রান্ত অন্য কোনো আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলি প্রাধান্য পাইবে।

ইনস্টিটিউট প্রতিষ্ঠা

৪। (১) এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ (BRiCM) নামে একটি ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হইবে।

(২) ইনস্টিটিউট একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং এই আইনের বিধানাবলি সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং ইহা স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

ইনস্টিটিউটের কার্যালয়

৫। (১) ইনস্টিটিউটের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে।

(২) ইনস্টিটিউট, সরকারের পূর্বানুমোদনক্রমে, দেশের যে কোনো স্থানে ইহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

ইনস্টিটিউটের কার্যাবলি

৬। ইনস্টিটিউটের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) পরিমাপ ও রেফারেন্স পরিমাপ সেবা প্রদান;

(খ) প্রফিসিয়েন্সি টেস্টিং ও ইন্টার-ল্যাবরেটরি কমপ্যারিজন সেবা প্রদান;

(গ) রাসায়নিক পরিমাপ পদ্ধতির উন্নয়ন, ভ্যালিডেশন ও হস্তান্তর;

(ঘ) রাসায়নিক পরিমাপবিজ্ঞান সংক্রান্ত সর্বোচ্চ আন্তর্জাতিক সংস্থাসহ অন্যান্য আঞ্চলিক সংস্থা এবং সমধর্মী দেশীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের

সহিত যোগাযোগ রক্ষা এবং উক্ত প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট বিষয়ের কারিগরি কমিটিসমূহে অংশগ্রহণের মাধ্যমে দেশে ট্রেসেবিলিটি প্রতিষ্ঠাকরণে সহায়তা প্রদান;

(ঙ) দফা (ঘ) এর বিধান অনুযায়ী ট্রেসেবিলিটি প্রতিষ্ঠার লক্ষ্যে International Bureau of Weights and Measures (Bureau International des Poids et Mesures-BIPM), Asia Pacific Metrology Programme (APMP) এবং সমধর্মী দেশীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে, সময় সময়, গঠিত কারিগরি কমিটিসমূহে অংশগ্রহণ;

(চ) প্রফিসিয়েন্সি টেস্টিং, ইন্টার-ল্যাবরেটরি কমপ্যারিজন ও ক্যালিব্রেশন সেবা প্রদান দ্বারা দেশের পরীক্ষাগারসমূহের পরীক্ষণসেবা আন্তর্জাতিক মানে উন্নীতকরণ এবং International Committee for Weights and Measures (CIPM) কর্তৃক প্রচলিত ও BIPM এ সংরক্ষিত আন্তর্জাতিক এককের সহিত তুলনাযোগ্য ও গ্রহণযোগ্য করিতে সহায়তা প্রদান;

(ছ) মেট্রোলজিক্যাল ট্রেসেবিলিটি সমেত রাসায়নিক, প্রসাধনী, ঔষধ, খাদ্য, পানীয়, জলবায়ু ও পরিবেশ, ক্লিনিক্যাল, অনুজৈবিক, গ্যাস, পেট্রোলিয়াম, পলিমার, ন্যানো ম্যাটেরিয়াল ইত্যাদি বিভিন্ন জৈব, অজৈব পদার্থে পরিমাপ সংক্রান্ত জাতীয় রেফারেন্স ম্যাটেরিয়ালস্ সংগ্রহ, উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ বা বিক্রয়;

(জ) বস্তুতে রাসায়নিক, জৈব, অজৈব অনুজৈবিক ইত্যাদি পদার্থের রেফারেন্স ভ্যালু প্রদান;

(ঝ) ইন্সট্রুমেন্টেশন ও ক্যালিব্রেশন সেবা প্রদান;

(ঞ) রেফারেন্স পরিমাপভিত্তিক বায়োইকুইভ্যালেন্স বা জৈবসমতা পরীক্ষণ এবং ক্রিয়াশীল মৌল উপাদান তথা অ্যাকটিভ ফার্মাসিউটিক্যাল ইনগ্রেডিয়েন্টস্ (API) নিরূপণ সেবা প্রদান;

(ট) ম্যাট্রিক্স ম্যাচড রেফারেন্স ম্যাটেরিয়ালস্ প্রচলনের লক্ষ্যে জৈব ও অজৈব রেফারেন্স স্পেসিমেন ব্যাংক স্থাপন;

(ঠ) রেফারেন্স পরিমাপভিত্তিক 'রাসায়নিক বিষক্রিয়া ও ঝুঁকি নিরূপণ ব্যবস্থাপনা' প্রচলন;

(ড) রাসায়নিক পরিমাপ সংশ্লিষ্ট বিভিন্ন নিয়ন্ত্রক সংস্থা, যেমন: বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এ্যান্ড টেস্টিং ইনস্টিটিউট, ড্রাগ এডমিনিস্ট্রেশন, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, পরিবেশ অধিদপ্তর ইত্যাদি সমজাতীয় সংস্থার টেকনিক্যাল সাপোর্ট অর্গানাইজেশন (টিএসও) হিসাবে সমন্বয়ের মাধ্যমে সেবা প্রদান;

(ঢ) সরকারের অনুমোদনক্রমে চুক্তিভিত্তিক গবেষণা তথা কন্ট্রাক্ট রিসার্চ পরিচালনা;

(ণ) রাসায়নিক পরিমাপবিজ্ঞান, গবেষণাগারের মান ব্যবস্থাপনা পদ্ধতি, অ্যাক্রেডিটেশন ও ইন্সট্রুমেন্টেশন ইত্যাদি বিষয়ে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ এবং এতৎসংক্রান্ত প্রশিক্ষণ ও পরামর্শক সেবা প্রদান;